



একই দিনে গণভোট ও নির্বাচন ‘জাতির সঙ্গে তামাশা’: চরমোনাই পীর



সংগৃহীত ছবি

ইসলামী আন্দোলন বাংলাদেশের আমির মুফতি সৈয়দ মুহাম্মদ রেজাউল করীম (পীর সাহেব চরমোনাই) বলেছেন, একই দিনে গণভোট ও জাতীয় নির্বাচন আয়োজনের সিদ্ধান্তটি জাতির সঙ্গে তামাশার শামিল। তিনি বলেন, জুলাই অভ্যুত্থান-পরবর্তী অন্তর্বর্তীকালীন সরকারের কাছ থেকে দেশবাসী এমন ঘোষণার প্রত্যাশা করেনি। বৃহস্পতিবার (১৩ নভেম্বর) সন্ধ্যায় চাঁদপুরের মতলব পাইলট উচ্চবিদ্যালয় মাঠে ইসলামী আন্দোলন বাংলাদেশের তৃণমূল সম্মেলনে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ প্রতিক্রিয়া জানান। পীর সাহেব চরমোনাই তাঁর বক্তব্যে দেশের রাজনৈতিক পরিস্থিতি নিয়ে গভীর হতাশা প্রকাশ করেন। তিনি বলেন, “স্বাধীনতার দীর্ঘ ৫৪ বছর পরও জনগণের আশা-আকাঙ্ক্ষার কোনো প্রতিফলন ঘটেনি। যারা এই সময়ে রাষ্ট্রীয় ক্ষমতায় ছিলেন, তারা সবাই ক্ষমতালোভী; তাদের মধ্যে দেশপ্রেমের সামান্য প্রকাশও দেখা যায়নি।” তিনি দেশপ্রেমিকদের প্রতি ঐক্যের আহ্বান জানিয়ে বলেন, “দেশপ্রেমিকরা যদি একত্রিত হন, তবে ক্ষমতালোভীরা পালানোরও সুযোগ পাবে না।” দেশের বর্তমান পরিস্থিতি নিয়ে ক্ষোভ প্রকাশ করে তিনি বলেন, “লক্ষ লক্ষ শহীদের রক্তে অর্জিত এই দেশে আজও সাম্য, মানবিক মর্যাদা ও সামাজিক ন্যায়বিচার প্রতিষ্ঠিত হয়নি। বরং চোরের সংখ্যার দিক থেকে বাংলাদেশ আজ বিশ্বে শীর্ষে। হাজার হাজার মা সন্তান হারিয়েছেন, আয়না ঘরের মতো নির্যাতন কেন্দ্র এখনো চালু, চাঁদাবাজিও বন্ধ হয়নি।” তিনি আরও বলেন, “ইসলাম ছাড়া মানবতার মুক্তি সম্ভব নয়। ইসলামী আন্দোলন একটি ভারসাম্যপূর্ণ রাষ্ট্র গঠনে বিশ্বাস করে, যেখানে মানুষের ভাত ও ভোটের অধিকার নিশ্চিত থাকবে।”

সম্মেলনে উপস্থিত ছিলেন সংগঠনের জেলা সভাপতি হাফেজ মাওলানা মুহাম্মদ মাকসুদুর রহমান, সংসদ সদস্য পদপ্রার্থী মুফতি মানসুর আহমাদ সাকীসহ স্থানীয় নেতৃবৃন্দ।